

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৪

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যে গাছের সাথে মুসলিমদের সাদৃশ্য দেওয়া হয়েছে, সেই গাছের বিবরণ

ذَكَرُ الْإِخْبَارِ عَنْ وَصْفِ مَا يُشْبَهُ الْمُسْلِمَ مِنَ الشَّجَرِ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا جَرِيرٌ عَنِ الْأَعْمَشِ عَنْ
مُجَاهِدٍ عَنْ بَنِي عُمَرَ قَالَ: كُنَّا جُلُوسًا عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ أُتِيَ
بِجُمَارٍ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "مِنَ الشَّجَرِ شَجَرَةٌ بَرَكَتُهَا كَالْمُسْلِمِ"
قَالَ: فَأَرَيْتُ أَنَّهَا النَّخْلَةُ ثُمَّ نَظَرْتُ إِلَى الْقَوْمِ فَإِذَا أَنَا عَاشِرُ عَشْرَةٍ وَأَنَا أَحَدُ الْقَوْمِ
فَسَكَتُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "هِيَ النَّخْلَةُ".

الراوي : ابن عمر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 244 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৪৪. আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে বসে ছিলাম, এমন সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে খেজুর গাছের মজ্জা দেওয়া হয়। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “বৃক্ষসমূহের মাঝে একটি বৃক্ষ আছে, যার বারাকাহ মুসলিম ব্যক্তির মতোই।” আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা বলেন: “আমার মনে হলো যে, এটি খেজুর বৃক্ষ। তারপর আমি কওমের অন্যান্য লোকদের দিকে তাকালাম, আমি দেখলাম যে, আমি দশ বছর বয়সী আর আমি কওমের মধ্যে সবচেয়ে কম বয়সী। ফলে আমি চুপ থাকলাম।” অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: “এটি হলো খেজুর গাছ।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪১; সহীহ আল বুখারী: ৫৪৪৪; হুমাইদী: ৬৭৬; সহীহ মুসলিম: ২৮১১; বাযযার: ৪৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৮৩২।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88543>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন